আলমডাঙ্গায় সাবেক যুবলীগ নেতৃবৃন্দের মতবিনিময় সভা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আলমডাঙ্গায় সাবেক যুবলীগ নেতৃবৃন্দ এক মতবিনিময় সভা করেছেন। কেন্দ্রীয় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম মেম্বার ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান শেখ সামসুল আবেদীন খোকনের এসব সমর্থক আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গার বাবুপাড়া কমিউনিটি সেন্টারে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।

আলমডাঙ্গা পৌরসভার ৮ নং ওয়ার্ড কাউন্সিলর সাবেক ছাত্রনেতা আশরাফুল হক বাবুর সভাপতিত্বে ওই মত বিনিময় সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা যুবলীগের সাবেক যুগ্নআহবায়ক সাজ্জাদুল ইসলাম স্বপন।

উপজেলা যুবলীগের যুগ্নআহবায়ক শাহিন রেজার পরিচালনায় ওই মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুবলীগ নেতা হাবিবুর রহমান রুবেল, হারদি ইউনিয়ন মহিলা আওয়ামীলীগ নেত্রী বীরমুক্তিযোদ্ধা মোমেনা বেগম, কুমারি ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি ইমাদুল হক, তকবুল মেম্বার, শাহিন খন্দকার, নজরুল সাঁইজি, জিনারুল ইসলাম, হারদি ইউনিয়ন যুবলীগ নেতা সাহানুর রহমান টিপু মেম্বার, রুবেল শেখ, শাহিন খাঁন, রবিন খাঁন, তৌফিক, উপজেলা যুবলীগের সদস্য সনি রাজ, আহার আলী, হাসিবুল মেম্বার, লক্ষণ কর্মকার, রবিউল ইসলাম, রাব্বি, রেজাউল হক, হাবিল, ডাউকি ইউনিয়ন যুবলীগের যুগ্নআহবায়ক সিদ্দিক, আশা, হাফিজ, জিবন, মাসুম বিল্লাল, আশাবুল, মারুফুল হক, আব্দুল হালিম (মুরগি), পৌর কৃষকলীগ নেতা সবুজ, আজম খাঁন, ভাঙবাড়িয়া ইউনিয়ন যুবলীগ নেতা রাজ, বকুল আহমেদ, পৌর ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী চন্দন, ছাত্রলীগ নেতা শেখ ইমতিয়াজ নিপ্পন, শাহারিয়ার তপু, এসকে শাকিল, শাকিব আহমেদ, সাব্বির রহমান, সজিব আহমেদ।

মতবিনিময়ে বক্তারা বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আমরা যার পক্ষ্যেই ভোটের মাঠে নামি না কেনো কেন্দ্রীয় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম মেম্বার শেখ সামসুল আবেদীন খোকন ভাইয়ের নির্দেশনা অনুযায়ী সকলে ঐক্যবদ্ধ ভাবে মাঠে নামবো। আপনারা কোন রকম বিভ্রান্ত হবেন না। আমরা ঐক্যবদ্ধ আছি এবং ঐক্যবদ্ধ থাকবো।